

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART-I

বাংলা - সাম্মানিক

দ্বিতীয় পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১. নভেল এবং রোমান্স বলতে কি বোঝায় তা লিখুন। উদাহরণসহ উভয়ের পার্থক্য নির্দেশ করুন। ১০ + ১০

অথবা

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

- ক) রাজনৈতিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। এই বৈশিষ্ট্যের নিরিখে একটি রাজনৈতিক উপন্যাসের সাফল্য বিচার করুন। ৫ + ৫
- খ) সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করে যে কোনো একটি বাংলা সামাজিক উপন্যাসের বিস্তারিত পরিচয় দিন। ৫ + ৫
- গ) একটি সার্থক ছোটগল্পের পরিচয় দিন। ছোটগল্পের উপসংহার কেমন হওয়া উচিত সে বিষয়ে আলোচনা করুন। ৬ + ৪
- ঘ) উদাহরণসহ ঐতিহাসিক উপন্যাসের বিস্তারিত পরিচয় দিন। ১০
২. ক) 'চন্দ্রশেখর' উপন্যাস অবলম্বনে চন্দ্রশেখর এবং প্রতাপ চরিত্রদুটির তুলনামূলক আলোচনা করুন। ১৫

অথবা

'চন্দ্রশেখর' উপন্যাসের উপকাহিনিটি বিবৃত করুন। এই উপকাহিনি সংযোজনে উপন্যাসের শিল্পমূল্য কতখানি প্রভাবিত হয়েছে আলোচনা করুন। ১০ + ৫

- খ) 'পাঁচজনের মধ্যে ও যে-কোনো একজন মাত্র নয়, ও হল একেবারে পঞ্চম' — 'শেষের কবিতা' উপন্যাসে কার সম্পর্কে এই উক্তি ? উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রবৈশিষ্ট্য উল্লেখ করুন। ১ + ১৪

অথবা



‘শেষের কবিতা’ উপন্যাসটির অভিনবত্ব আলোচনা করে উপন্যাসটিকে কোন শ্রেণির অন্তর্ভুক্ত করা যায় যুক্তিসহ লিখুন। ৭ + ৮

গ) ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) উপন্যাস অবলম্বনে রাজলক্ষ্মী ও অন্নদাদিদি পরস্পরের পরিপূরক চরিত্র — ব্যাখ্যা করুন। ১৫

অথবা

‘শ্রীকান্ত’ (১ম পর্ব) উপন্যাস অবলম্বনে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের হাস্যরস সৃষ্টির পরিচয় দিন। ১৫

ঘ) ‘এক আজব কন্যাকে যে বিয়ে করত, সেই মরত’ — ‘হাসুলী বাঁকের উপকথা’ উপন্যাসে এই রূপকথার কথক কে ? সমগ্র উপন্যাসে এই কথকের ভূমিকা বিশ্লেষণ করুন। ১ + ১৪

অথবা

‘হাসুলী বাঁকের উপকথা’ উপন্যাসটি শুধুমাত্র উপকথা নয়, সমাজ ও সময়ের কথাও। — আলোচনা করুন। ১৫

৩. ক) আমরা ব্রাহ্মণের কন্যা, ব্রাহ্মণের স্ত্রী, আমরা মনে দৃঢ় থাকিলে পৃথিবীতে আমাদের বিপদ নাই’ — একথা কে কাকে বলেছেন ? প্রসঙ্গ উল্লেখ করুন। ২ + ৩

অথবা

‘জ্বলন্ত অগ্নিতে ঘটাত্তি পড়িল’ — কার সম্পর্কে এই উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করুন। ১ + ৪

খ) ‘শেষে সমস্তটা বাল্যবিবাহ হয়ে না দাঁড়ায়’ — কে কাকে এই কথা বলেছেন ? এই উক্তির আলোকে বক্তার দূরদর্শিতার পরিচয় দিন। ২ + ৩

অথবা

‘এনামেল-করা মুখের উপর দিয়ে দরদর করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।’ — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। ৫

গ) ‘কিন্তু এত বড় একটা মহাপ্রাণ আজ পর্যন্ত তুমিই বা কয়টা দিতে পারিলে।’ — কাকে কেন ‘মহাপ্রাণ’ বলা হয়েছে আলোচনা করুন। ১ + ৪

অথবা

‘কি নিষ্ঠুর এই পুরুষ মানুষ জাতটা’ — বক্তা কে ? বক্তব্যটির তাৎপর্য লিখুন। ১ + ৪

ঘ) ‘কোপাই নদী ঠিক যেন কাহার কন্যে’ — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য লিখুন। ২ + ৩

অথবা

“মুরুবির কত্তার পূজোটা সব আমাকে দিয়ে গো”

— কে বলেছে ? ‘মুরুবির’ কে ? কেন একথা বলেছে ? ১ + ১ + ৩